গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.৯৭.১৫ (পার্ট-১). ৭৪৬ তারিখ: ২৪ .০৩.২০২১ খ্রি.

**বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত মার্চ-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, বিষয়ভিত্তিক ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, দেশাত্মবোধক ও উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য, অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের বার্তা প্রচার করে থাকে।

এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে মার্চ-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্থ।

24/03/2021

(বিধান চন্দ্র কর্মকার)
মহাপরিচালক
ফোনঃ ৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

# মার্চ-২০২১ (১ম পক্ষ)

## জনমত শিরোনাম

- বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দেশব্যাপী ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২১ উদ্‌যাপিত।
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অপেক্ষায় দেশবাসী।
- চাল, পিঁয়াজসহ কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম স্থিতিশীল রয়েছে। বাজারে সবজির দাম কম থাকায় ভোক্তাসাধারণের সন্তোষ প্রকাশ। নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকির দাবি জানিয়েছেন জনসাধারণ।
- বোরো ধান ও রবি শস্যের ভরা মৌসুমে সেচ, বিদ্যুৎ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। খাদ্যে ভেজাল প্রতিরোধ ও মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

(চলমান পাতা-২)

Shuch

## -বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দেশব্যাপী ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২১ উদ্‌যাপিত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ এ বছর ঐতিহাসিক ৭ই মার্চ দিবস হিসেবে সারাদেশে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে। হানাদার পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে লড়াইয়ে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণই ছিলো স্বাধিকার অর্জনের মূলমন্ত্র ও দিকনির্দেশনা।

ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২১ উপলক্ষ্যে বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন দেশব্যাপী প্রামাণ্যচিত্র প্রদর্শন ও আলোচনাসভাসহ বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন করে। এসব আয়োজনে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত জনসাধারণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয় বলে জনমতে প্রকাশ।

## -স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অপেক্ষায় দেশবাসী।

পরাধীনতার সুদীর্ঘ শৃঙ্খল ভেঙ্গে রক্তাক্ত মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের অভ্যুদয়। এ যেন মুক্তিযুদ্ধের ইতিহাস, স্বপ্ন, বীরত্ব, বেদনা ও বিজয়ের এক অনন্য অধ্যায়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের জন্য উন্মুখ দেশবাসী।

## - চাল, পিঁয়াজসহ কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম স্থিতিশীল রয়েছে। বাজারে সবজির দাম কম থাকায় ভোক্তাসাধারণের সন্তোষ প্রকাশ। নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকির দাবি জানিয়েছে জনসাধারণ।

চাল, পিঁয়াজসহ কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম স্থিতিশীল রয়েছে। তবে ভোজ্যতেল, চিনিসহ নিত্যপণ্যের বাজার নিয়মিত তদারকির ওপর গুরুত্বারোপ করেছে ভোক্তাসাধারণ।

এছাড়া, খুচরা ও পাইকারি বাজারে দ্রব্যমূল্যের বৃদ্ধির ক্ষেত্রে মধ্যস্বত্বভোগী এবং অসাধু চক্রের দৌরাত্ম্য কঠোর হস্তে দমনের দাবি জানিয়েছে ক্রেতাসাধারণ।

(চলমান পাতা-৩)

Shuvh

বোরো ধান ও রবি শস্যের ভরা মৌসুমে সেচ, বিদ্যুৎ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

সারাদেশে বোরো ধান ও রবি শস্য আবাদের ভরা মৌসুম চলছে বলে জনমতে জানা গেছে। তবে, বিভিন্ন যোগাযোগ ব্যবস্থার প্রতিবন্ধকতার কারণে বিদ্যুৎ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ যাতে বাধাগ্রস্ত না-হয় সে ব্যাপারে কৃষকসমাজ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে।

এদিকে, দেশের বিভিন্ন স্থানে বোরো ধান রোপনের কাজ শেষ হয়েছে বলে জনমত প্রতিক্রিয়ায় জানা গেছে। গ্রীষ্ম মৌসুমকে সামনে রেখে বোরো ধানের বাম্পার ফলন নিশ্চিতকরণের লক্ষ্যে সেচসুবিধার জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ওপর জোর দিয়েছে বিশেষজ্ঞমহল।

-আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। খাদ্যে ভেজাল প্রতিরোধ ও মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক আছে বলে জনমত প্রতিক্রিয়ায় জানা গেছে। খাদ্যে ভেজাল প্রতিরোধ ও মাদকবিরোধী অভিযান মোবাইল কোর্টের মাধ্যমে অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেছে জনসাধারণ। মাদকদ্রব্যের অপব্যবহার, ভেজাল ও বিষাক্ত মদ তৈরিরোধে পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। তথ্য অফিসসমূহ মাদকবিরোধী বিভিন্ন সচেতনতামূলক প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে।

মনিরুজ্জামান/শুকলা/খালিদ /মেহেদী/জসিম

Shukla

শুকলা বনিক
উপপরিচালক (প্রচার)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার